# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৬৩

৩/ বিতর (أَبْوَابُ الْوِتْرِ)

পরিচ্ছেদঃ বিতরে কি তিলাওয়াত করা হবে।

## باب مَا جَاءَ فِيمَا يُقْرَأُ بِهِ فِي الْوِتْرِ

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ حَبِيبِ بْنِ الشَّهِيدِ الْبَصْرِيُّ، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْحَرَّانِيُّ، عَنْ خُصَيْفٍ، عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ جُرَيْجٍ، قَالَ سَأَلْنَا عَائِشَةَ بِأَىِّ شَىْءٍ كَانَ يُوتِرُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَالَتْ كَانَ يَقْرَأُ فِي الأُولَى بِـ (سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى ) وَفِي الثَّانِيَةِ بِـ(قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ ) وَفِي الثَّالِثَةِ بِـ (قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ) وَالْمُعَوِّذَتَيْنِ . قَالَ أَبُو عِيسَى . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . قَالَ وَعَبْدُ الْعَزِيزِ هَذَا هُوَ وَالِدُ ابْنِ جُرَيْجٍ صَاحِبِ عَطَاءٍ وَابْنُ جُرَيْجٍ اسْمُهُ عَبْدُ الْمَلِكِ بْنُ عَبْدِ الْعَزِيزِ بْنِ جُرَيْجٍ . وَقَدْ رَوَى يَحْيَى بْنُ سَعِيدٍ الأَنْصَارِيُّ هَذَا الْحَدِيثَ عَنْ عَمْرَةَ عَنْ عَائِشَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم .

বাংলা

৪৬৩. ইসহাক ইবনু ইবরাহীম ইবনু হাবীব ইবনু ইবনু শহীদ আল-বাসরী (রহঃ) ..... আবদুল আযীয ইবনু জুরায়জ (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেনঃ আমি আয়িশা রাদিয়াল্লাহু আনহা-কে জিজ্ঞাসা করেছিলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি পাঠ করে বিতর আদায় করতেন? তিনি বললেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামপ্ রথম রাকআতে , سَبِّحِ اسْمَ رَبِّكَ الأَعْلَى দ্বিতীয় রাকআতে قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ এবং তৃতীয় রাকআতে , قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ও মুআওয়াযাতায়ন পাঠ করতেন। - ইবনু মাজাহ ১১৭৩, তিরমিজী হাদিস নম্বরঃ ৪৬৩ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই হাদীসটি হাসান-গারীব। রাবী আবদুল আযীয হলেন ’আতা’-এর শাগরিদ ইবনু জুরায়জের পিতা। ইবনু জুরায়জ (রহঃ)-এর পুরা নাম হ’ল আবদুল মালিক ইবনু আবদিল আযীয ইবনু জুরায়জ। ইয়াহইয়া ইবনু সাঈদ আল-আনসারী (রহঃ) ও এই হাদীসটি আমরাহ আয়িশা রাদিয়াল্লাহু আনহা সূত্রে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে রিওয়ায়াত করেছেন।

## English

Abdul-Aziz bin Juraij said:
"I asked Aishah about what (recitation) Allah's Messenger would perform Al-Witr with. She said: 'In the first he would recite: Glorify the Name of your Lord the Most High, in the second: Say: O you disbelievers!, and in the third: Say: Allah is One" and, Al-Mu'awwidhatain.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17652

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন